

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
পুরাতন বিমান বন্দর ভবন  
তেজগাঁও, ঢাকা-১২১৫  
(www.bpsc.gov.bd)

শি

নম্বর- ৮০.১০৮.০১১.০১.০১৫.২০১০-৫১৬

তারিখ : ১৬/০৮/২০১০ খ্রিঃ।

বিষয় : অর্থনৈতিক সম্পর্ক বিভাগের "ব্যক্তিগত কর্মকর্তা" পদে আমূলক লিখিত পরীক্ষার সনুষ্ঠান প্রসংগ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের "ব্যক্তিগত কর্মকর্তা" পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের ১০০ নম্বরের রচনামূলক লিখিত পরীক্ষা নিম্নোক্ত সূচী ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	রেজিসননম্বর	প্রার্থীর সংখ্যা
২৮/০৮/২০১০(শনিবার) সকাল ১০.০০ টা থেকে ১১.৩০ টা পর্যন্ত।	রাজধানী উচ্চ বিদ্যালয়, শেবেবাংলা নগর, মানিক মিয়া এডিনিউ, ঢাকা	"ব্যক্তিগত কর্মকর্তা"	০০০০০১-০০০৪৯০ পর্যন্ত	৪৪৯ জন

প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :

- উপরোক্ত পদের প্রার্থীদেরকে বাংলা-৩০, ইংরেজী-৩০, গণিত-২০ ও সাধারণ জ্ঞান-৩০ বিষয়ে মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের নিকট ইতোমধ্যেই ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১(এক) ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীদের একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা, ইংরেজী, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। উত্তরপত্রে সংশ্লিষ্ট বিষয়ের কোড বাংলা-১০১, ইংরেজী-১০২, গণিত-১০৩ ও সাধারণ জ্ঞান-১০৪ লিখে বৃত্ত পূরণ করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে পেন্সিল, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলের সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইট্রিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া প্রয়োজন।
- পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসামুখ্য পছন্দ অবলম্বন এবং অপ্রাপ্ত আচরণের অভিযোগ সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করেন। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- প্রাথমিকভাবে যোগ্য কোন প্রার্থী ২৫/৮/২০১০ তারিখের মধ্যে প্রবেশপত্র না পেয়ে থাকলে তিনি আগামী ২৬/৮/২০১০ তারিখ সকাল ১০ টা হতে বিকাল ৩ ঘটিকার মধ্যে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ কমিশন সচিবালয়ের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের ইউনিট-৮ এর সাথে যোগাযোগ করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd) তে বিজ্ঞপ্তি দেখা যাবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]

সচিব  
১৬/০৮/২০১০  
(আমিয়া খাতুন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)।